

# চিকিৎসা

প্রভু, নিলাজ-হৃদয়ে, কর কঠিন আঘাত;  
কর, দুষ্টি কলঙ্কিত এ শোণিতপাত।

পাষণ কঠিন প্রাণে বৃন্দ বেদন,  
সুফল হইবে, নাথ করা'লে রোদন;  
সরাও এ গুরুভার,- নিবার প্রমাদ গো,-  
করাও হৃদয় ভাঙ্গি', শুধু অশুপাত!

এই অস্থি, মাংস, মজ্জা, এই চর্ম, মেদ,  
এ হৃদয়, সবি প্রভু পরিপূর্ণ ক্লেদ;  
অনিয়মে আনিয়াছি দেহে অবসাদ গো,  
সংস্রব করেছি প্রাণে বিষম বিষাদ!

তুমি না কি, দয়াময়, পাপীর শরণ?  
কোথা ব'সে দেখিতেছ ঘৃণিত মরণ?  
মদু প্রতিকারে ব্যাধি হবে না নিপাত গো,-  
তীর ভেষজ মোরে দেহ বৈদ্যনাথ!